গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় ঃ সেপ্টেম্বর/২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি ঃ জনাব মাহমুদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার তারিখ ঃ ১৬.০৯.২০২১
সময় ঃ বেলা- ১০.০০ ঘটিকা

সভার উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ হাজিরা খাতায় সংরক্ষিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। অতপরঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নেত্রকোনা সদর, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবুও আইন শৃঙ্খলার সুক্ষ্ম বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানা-কে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ জানান যে, করোনার সংক্রমণের জন্য বিট পুলিশ কাযক্রম বন্ধ ছিল। সংক্রমণ কমায় আবার বিট পুলিশের কার্যক্রম শুরু হয়েছে। কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে পুলিশ বাহিনীকে জানানোর জন্য অনুরোধ জানান। বিট পুলিশিকে তথ্য দিযে সহযোগিতা করার জন্য সকলেকে অনুরোধ জানান। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বস ম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ২. | (খ) চেয়ারম্যান, সিংহের বাংলা ইউনিয়ন সভায় জানান যে,রাস্তার মোড়ে মোড়ে বেশী লোকজন জড়ো হয়ে জোয়া খেলা হয়। চোরের উপদ্রব বৃদ্ধি পাচ্ছে। চুরি বন্ধ করার জন্য পুলিশ টহল জোরদার করার জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান মৌগাতী, আমতলা ও কাইলাটি পরিষদ মাদক ও নারী নির্যাতন বন্ধের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ জানান। এছাড়া চেয়ারম্যান ঠাকুরাকোনা, দঃ বিশিউড়া ও চল্লিশা নদীতে বাধঁ, ড্রেইন বন্ধ ও রাস্তার পাশে পুকুরের পাড় দেয়ার ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। এগুলো দূর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | মাদক, জোয়া, চুরির ও নারী নির্যাতন বন্ধের বিষয়ে জরুরী ব্যবস্থা নেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| ৩. | সভাপতি, বাংলাদেশ পূজা উদযাপন কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা আগামী ১১ অক্টোবর-২০২১ হতে শারদীয় দুর্গাপূজায় সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। | দুর্গাপূজায় পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| ৪. | (গ) ভাইস চেয়ারম্যান, জনাব আব্দুল খালেক তালুকদার, জানান যে, আইন শৃংখলার পরিস্থিতি ভাল। পুলিশি টহল অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| ৫. | (ঘ) সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা জানান যে, জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের নির্দেশ মোতাবেক পলিথিন ও বাল্য বিবাহ নিরোধ ও হোটেল রেস্তোরায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। | মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার | সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা। |

CamScanner

৬০ পৃ.

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬ | (ঙ) মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব তুহিন আক্তার, জানান যে, স্কুল পড়ুয়া মেয়েরা স্কুলে আসা যাওয়ার সময় যাতে ইভটিজিং এর স্বীকার না হয় সে বিষয়ে তিনি সকলের প্রতি অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর, |

উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক কোভিড-১৯ এর মোকাবেলায় মাস্ক পরিধান ও সামাজিক দূরত্ব বজায় রেখে সকলকে করোনা ভাইরাস মোকাবেলা ও নারী নির্যাতন প্রতিরোধ এবং গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করার পরামর্শ প্রদানসহ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

বাল্য বিবাহের উপর কঠোর নজরদারি রয়েছে। বাল্যবিাহ নিরোধকল্পে সম্মিলিতভাবে সকলকে কাজ করার জন্য অনুরোধ জানান। গরু চুরি মাদক, জুয়া ও ইভটিজিং বন্ধসহ টহল পুলিশ বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণাকে অনুরোধ জানান। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকলে সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষরিত) ১৬.০৯.২১

(মাহমুদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২৭৪.০০১.০১৮.১৯- ৫৮৪

তারিখঃ ১৬ সেপ্টেম্বর, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী,সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা উপজেলা আইন শৃংখলা কমিটি (জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থেঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক..............................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. উপজেলা ............................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান ..................................................., ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. অফিস কপি।

(স্বাক্ষরিত) ১৬.০৯.২১

উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CS CamScanner